৩০ মার্চ, ২০২৬

# ইরান ইস্যুতে মার্কিন বিমানের জন্য আকাশসীমা বন্ধ করল স্পেন



প্রতীকী বিমানের ছবি।

ইরানকে ঘিরে চলমান সামরিক উত্তেজনার প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের সামরিক বিমানের জন্য স্পেন নিজেদের আকাশসীমা ব্যবহার নিষিদ্ধ করেছে। সোমবার (৩০ মার্চ) এ তথ্য নিশ্চিত করেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী মার্গারিটা রোবেলস। এর আগে ওয়াশিংটনকে স্পেনের সামরিক ঘাঁটি ব্যবহারের অনুমতিও দেওয়া হয়নি।

স্পেন সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, ইরান সংশ্লিষ্ট সামরিক অভিযানে কোনো ধরনের সহায়তা দেবে না মাদ্রিদ। ফলে আকাশপথ ও ঘাঁটি—দুই ক্ষেত্রেই মার্কিন সামরিক ব্যবহারের সুযোগ বন্ধ হয়ে গেল।

ন্যাটো সদস্য দেশ হওয়া সত্ত্বেও স্পেনের এই অবস্থানের কারণে যুক্তরাষ্ট্রকে বিকল্প রুট ব্যবহার করতে হবে। তবে জরুরি মানবিক পরিস্থিতিতে কিছু শিথিলতা থাকতে পারে বলে স্থানীয় গণমাধ্যম এল পাইস জানিয়েছে।

LENS ASIA

এই সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ককে প্রভাবিত করবে কি না—এমন প্রশ্নে স্পেনের অর্থমন্ত্রী কার্লোস কুয়ের্পো বলেন, আন্তর্জাতিক আইন ভঙ্গ করে শুরু হওয়া কোনো সামরিক পদক্ষেপকে তারা সমর্থন করে না। এদিকে ইরান ইস্যুতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার কড়া সমালোচনা করেছেন প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। তিনি এসব হামলাকে দায়িত্বজ্ঞানহীন আখ্যা দেন। অন্যদিকে স্পেনের এই অবস্থানের জবাবে বাণিজ্যিক চাপের ইঙ্গিত দিয়েছেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।